

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বিসিএস প্রশাসন একাডেমি  
শাহবাগ, ঢাকা  
প্রশিক্ষণ শাখা  
www.bcsadminacademy.gov.bd

১২ আষাঢ় ১৪২৫

নম্বর ০৫.০২.০০০০.০২৯.০০.০২৬.১৭-৬৪

তারিখ: ২৬ জুন ২০১৮

**বিজ্ঞপ্তি**

আগামী ০৮ জুলাই ২০১৮ তারিখ হতে বিসিএস প্রশাসন একাডেমিতে ০৫ (পাঁচ) মাস মেয়াদি ১০৮তম এবং ১০৯তম আইন ও প্রশাসন কোর্স শুরু হতে যাচ্ছে। এ কোর্স দু'টি চলাকালীন প্রশিক্ষণার্থীদের সকালের পিটি ও বিকালের খেলাধুলা কার্যক্রম পরিচালনার জন্য প্রতি কোর্সে একজন করে পুরুষ শরীরচর্চা প্রশিক্ষক প্রয়োজন।


**আগ্রহী প্রার্থীর যোগ্যতা:**

শরীরচর্চা ও খেলাধুলায় পারদর্শী, সূর্যোদয়ের পূর্বে (ভোর ৫:০০ টা হতে) শরীরচর্চা প্রশিক্ষক হিসেবে কাজের অভিজ্ঞতা সম্পন্ন এবং বিপিএড ডিগ্রীধারী হতে হবে।

**প্রশিক্ষক নিয়োগের শর্তাবলী নিম্নরূপ:**

- (ক) এ নিয়োগ কোর্সের মেয়াদকালের জন্য দৈনিক ভাতার ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ী এবং কর্তৃপক্ষ যে কোন মুহূর্তে কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বাতিল করার অধিকার সংরক্ষণ করেন;
- (খ) প্রতি কর্মদিবসে সকাল-বিকাল দুই সেশনের জন্য সম্মানী হিসেবে (৮০০/-+৮০০/-) =১,৬০০ (এক হাজার ছয়শত) টাকা প্রাপ্য হবেন, তবে কোন কর্মদিবসে/কোন সেশনে অনুপস্থিত থাকলে, অনুপস্থিতির দিন/সেশনগুলোতে কোন সম্মানী প্রাপ্য হবে না;
- (গ) সাপ্তাহিক ছুটি, সরকারি ছুটি, মাঠ-সংযুক্তি, শিক্ষা সফর এবং কোর্স কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক যে দিনসমূহে শরীরচর্চা/খেলাধুলা অনুষ্ঠিত হবে না সে দিনসমূহের জন্য কোন সম্মানী প্রাপ্য হবেন না;
- (ঘ) সকালের শরীরচর্চা এবং বিকালের খেলাধুলায় প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের সক্রিয় অংশগ্রহণ এবং শৃঙ্খলা রক্ষার বিষয়টি নিশ্চিত করতে হবে;
- (ঙ) নিজের এবং প্রশিক্ষণার্থীদের দৈনিক হাজিরা সংরক্ষণ করতে হবে এবং প্রত্যহ সংশ্লিষ্ট কোর্স সমন্বয়ক এর নিকট জমা দিতে হবে। প্রশিক্ষণার্থীগণ সক্রিয়ভাবে প্রতিদিন এ প্রশিক্ষণে সময়মত অংশগ্রহণ করেছেন কিনা এবং যদি না করে থাকেন তাদের নাম, রোল নং সহ একটি প্রতিবেদন সংশ্লিষ্ট কোর্স পরিচালকের নিকট জমা দিতে হবে;
- (চ) কোর্স কারিকুলামে নির্ধারিত খেলাধুলা প্রতিযোগিতা সফলভাবে পরিচালনার জন্য যথাযথ সহায়তা প্রদান করতে হবে;
- (ছ) এ নিয়োগ ০৮/০৭/২০১৮ তারিখ হতে কার্যকর হবে এবং কোর্স সমাপ্ত হওয়ার সাথে সাথে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

আগ্রহী প্রার্থীদেরকে আগামী ০২ জুলাই ২০১৮ তারিখ সোমবার বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে পূর্ণ জীবন বৃত্তান্তসহ জনাব তোহিদুল ইসলাম, উপপরিচালক (প্রশিক্ষণ) এর ই-মেইল [towhidulislam15182@gmail.com](mailto:towhidulislam15182@gmail.com) বরাবর আবেদন পত্র প্রেরণ করতে হবে এবং হার্ড কপি প্রশিক্ষণ শাখায় জমা প্রদান করতে হবে। আগামী ০৩ জুলাই, ২০১৮ তারিখ মঙ্গলবার সকাল ১১:০০ ঘটিকায় আবেদনকারীগণের মৌখিক পরীক্ষা গ্রহণ করা করা হবে। মৌখিক পরীক্ষায় সকল সার্টিফিকেটের মূল কপি সঙ্গে আনতে হবে।

  
ড. পিয়ার মোহাম্মদ  
পরিচালক (প্রশিক্ষণ)  
ফোন: ৫৫১৬৫৯০৭

**বিতরণ:**

- ০১। প্রোগ্রামার, এ কার্যালয় (অনতিবিলম্বে ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)  
০২। রেজিস্ট্রার এর একান্ত সচিব, এ কার্যালয় (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য)  
০৩। নোটিশ বোর্ড, মোহাম্মদপুর শরীরচর্চা প্রশিক্ষণ ইনস্টিটিউট, মোহাম্মদপুর, ঢাকা।  
০৪। নোটিশ বোর্ড, বিয়াম ফাউন্ডেশন, নিউ ইন্সটন, ঢাকা।  
০৫। নোটিশ বোর্ড, জাতীয় পরিকল্পনা উন্নয়ন একাডেমি, নীলক্ষেত, ঢাকা-১২০৫।  
০৬। একাডেমির নোটিশ বোর্ড  
০৭। অফিস কপি